ঝিনাইদহে ব্যবসায়ী মুরাদ হত্যা মামলার আরোও এক আসামী গ্রেপ্তার

ঝিনাইদহে ব্যবসায়ী মুরাদ হত্যা মামলার অন্যতম আসামী আলম মন্ডলকে গ্রেফতার করেছে র্যাব-৬। বুধবার সকালে বাগেরহাটের মোল্লাহাট উপজেলার শশ্বানঘাট এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আলম মন্ডল পবহাটি গ্রামের মৃত কাজেম মন্ডলের ছেলে।

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের কম্পানি কমান্ডার মেহেদী ইমরান সিদ্দিকী জানান, ঝিনাইদহ শহরের পবহাটি মোড়ে ব্যবসায়ী মুরাদ হত্যা মামলার অন্যতম আসামী আলম মন্ডল বাগেরহাট জেলায় অবস্থান করছে এমন তথ্যের ভিত্তিতে অভিযান চালায় র্যাবের একটি অভিযানিক দল। অভিযান আলমের এক আত্মীয়ের বাসা থেকে গ্রেফতার করা হয়। বুধবার দুপুরে আলম মন্ডলকে সদর থানায় সোপর্দ করা হয়।

গত শুক্রবার রাতে ব্যবসায়ী মুরাদের সাথে আলম মন্ডলের কথাকাটাকাটি ও হাতাহাতি হয়। এরই জের ধরে শনিবার দুপুরে আলম মন্ডলের ছেলে সৌরভ সঙ্গীদের নিয়ে মুরাদকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করে। এ ঘটনায় ওইদিন রাতেই নিহতের স্ত্রী সাথী বেগম বাদী হয়ে সদর থানায় একটি হত্যা মামলা করেন।

১০ বছর আগে হারিয়ে যাওয়া বাবাকে খুঁজে বেড়াচ্ছে ছেলে

দীর্ঘ ১০ বছর আগে চা খাবার কথা বলে নিজ বাড়ী থেকে বের হয়ে আজও বাড়িতে ফিরে আসেনি ফিরোজ মিয়া নামের এক বৃদ্ধ। ফিরোজ মিয়া বিগত ২০১৫ সালের ১৯ অক্টোবর মাগুরা সদর উপজেলার রায়গ্রাম তার নিজ বাড়ী থেকে চা খাবার কথা বলে বের হয়ে আজও বাড়ীতে ফেরেনি।

তার ছেলে নাহিদুজ্জামান ঐ বছরের ৪ নভেম্বর মাগুরা সদর থানায় একটি সাধারণ ডায়েরী করেন। যার ডায়েরী নম্বর-১৯৫। তার পরও তার বাবাকে কোথাও খুঁজে পাওয়া যায়নি। হারিয়ে যাবার সময় ফিরোজ মিয়া’র বয়স ছিলো ৬৬ বছর। দীর্ঘ ১০ বছর আগে চা খাবার কথা বলে নিজ বাড়ী থেকে বের হয়ে হারিয়ে যাওয়া বাবাকে ঝিনাইদহে খুঁজে বেড়াচ্ছে ছেলে নাহিদুজ্জামান।

বর্তমানে ফিরোজ মিয়া’র বয়স প্রায় ৭৬ বছর হবে। ছোটবেলার স্মৃতি মনে করে দীর্ঘ ১০ বছর পর নাহিদুজ্জামান তাঁর বাবাকে খুঁজতে ঝিনাইদহ জেলা শহরে এসেছে।

নাহিদুজ্জামান এর সাথে কথা বলে জানা যায়, বিগত ২০১৫ সালের ১৯ অক্টোবর তাঁর বাবা চা খাবার কথা বলে নিজ বাড়ী থেকে বের হয়ে আর বাড়িতে ফিরে আসেনি। সে সময়ই নিকটতম আত্মিয়-স্বজনের বাড়িসহ অনেক জায়গাতে খোঁজাখুঁজি করেও তার বাবার কোন সন্ধান পায়নি। আমার মা মনোয়ারা বেগম, বোন পপি খাতুন, আমি ও আমার ভাই রোকনুজ্জামান রকি বাবাকে না পেয়ে মানবেতর এবং উৎকন্ঠার মধ্যদিয়ে দিনযাপন করে আসছি। এমনকি আমরা পরিবারের সকলেই আমার বাবাকে না পেয়ে বাকরুদ্ধ হয়ে পড়েছি।

নাহিদুজ্জামান জানায়, তাঁর বাবা হারিয়ে যাওয়ার সময় গায়ে সাদা রঙ্গের গেঞ্জি ও পড়নে সবুজ রঙ্গের লুঙ্গী পরিহিত ছিলো। তার বাবার গায়ের রং ফসাঁ, মুখে ছোট ছোট চাপ দাঁড়ি ছিলো। শরীরের স্বাস্থ্য হালকা পাতলা,উচ্চতা আনুমানিক ৫ ফুট ৪ ইঞ্চি, ডান ও বাম পায়ে দূর্ঘটনার দাগ আছে।

তিনি আরও জানান, আমার বাবা ফিরোজ মিয়াকে ফিরে পাওয়ার আশায় এখন ঝিনাইদহ জেলা শহর এলাকায় খোঁজাখুঁজি করছি। আমাদের ধারণা ঝিনাইদহ, যশোর, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া, নড়াইল, ঢাকা, ফরিদপুর, রাজবাড়ীসহ দেশের বিভিন্ন এলাকাতে থাকতে পারে আমার বাবা। এছাড়াও আমি আমার বাবাকে দেশের বিভিন্ন জেলাতে আজ দশ বছর ধরে অনেক খোঁজাখুঁজি করে না পেয়ে নিরুপায় হয়ে বাড়িতে ফিরে আসি।

যাতে আমি আমার বাবাকে ফিরে পেতে পারি এজন্য সকলের সহযোগিতা প্রয়োজন। বর্তমানে আমার বাবা বেঁচে আছে কিনা সেটাও আমরা জানিনা, যদি বেঁচে থাকে তাহলে আমরা আমার বাবাকে ফিরে পেতে পারি সেই কামনায় করি মহান আল্লাহর কাছে। যদি আমার বাবাকে কেউ দেখে থাকেন বা পেয়ে থাকেন তাহলে আমার ০১৮৬৭-৮৩২৩৯৩ নাম্বার মোবাইলে

যোগাযোগ করার অনুরোধ করছি। অথবা আপনার নিকটতম থানা পুলিশকে অবহিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

ঝিনাইদহে পরিবারকল্যাণ কর্মীদের ১০ দিনের কর্মবিরতি

নিয়োগবিধি বাস্তবায়নের দাবিতে ঝিনাইদহে ১০ দিনের কর্মবিরতি শুরু করেছে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মীরা।

মঙ্গলবার সকাল থেকে সদর উপজেলা কার্যালয়সহ বিভিন্ন উপজেলায় কর্মবিরতি দিয়ে অবস্থান নেয় পরিবারকল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীররা। আন্দোলনকারীরা পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ বর্জনের ঘোষণা দিয়ে অবস্থান নেন।

সেসময় পরিবার কল্যাণ সহকারী রেহেনা পারভীন, কেয়া রানী প্রামানিক, পরিদর্শক জিয়াউর রহমান, পরিদর্শিকা অর্চনা রানী বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, পরিবারকল্যাণ কর্মীরা প্রসূতি স্বাস্থ্যসেবা, কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা, পুষ্টিসেবা, টিকাদান কর্মসূচিসহ নানান গুরুত্বপূর্ণ বিষয়ে সেবা দিয়ে যাচ্ছে। অথচ চাকরি রাজস্ব খাতে থাকলেও কোনো পদোন্নতি হচ্ছে না।

তাই দ্রুত নিয়োগবিধি-২০২৪ বাস্তবায়ন করার দাবী জানান তারা। মঙ্গলবার থেকে শুরু হওয়া এ কর্মবিরতি চলবে ১১ ডিসেম্বর পর্যন্ত।

ঝিনাইদহে আদিবাসী যুবককে কুপিয়ে জখম

ঝিনাইদহে অতর্কিত ভাবে হামলা করে কুপিয়ে জখম করেছে সুফল বিশ্বাস(৩৫) নামের এক আদিবাসী যুবককে।

সোমবার (১ ডিসেম্বর) বিকেলে উপজেলার হরিপুর গ্রামের হুমোদরপুর বিলে এ ঘটনা ঘটায় দুবৃর্ত্তরা। আহত সুফল বিশ্বাস সদর উপজেলার মাধবপুর গ্রামের বিষ্ণু বিশ্বাসের ছেলে।

সুফলের বাবা বিষ্ণু বিশ্বাস বলেন, গতকাল বিকেলে আমার ছেলে সুফল মাছ ধরতে পার্শ্ববর্তী হুমোদর বিলে যায়। সেসময় হরিপুর গ্রামের আজিবরের নেতৃত্বে একদল সন্ত্রাসী দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে তার ওপর হামলা করে গুরুতর জখম করে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে জেলা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

সদর থানার ওসি সৈয়দ আব্দুল্লাহ আল মামুন বলেন, এ ঘটনায় ভুক্তভোগীর স্ত্রী বাদি হয়ে থানায় একটি মামলা দায়ের করেছেন।

আসামিদের গ্রেপ্তারের জন্য পুলিশ অভিযান চালাচ্ছে। এদিকে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে জেলা হিন্দু বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য ফন্ট্রের নেতৃবৃন্দ।

কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় পুলিশ সদস্য নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় আনিসুর রহমান (৪৫) নামে এক পুলিশ সদস্য নিহত হয়েছেন। মঙ্গলবার (০২ ডিসেম্বর) সকালে কোটচাঁদপুর তাল মিলের সামনের সড়কে এ দুর্ঘটনা ঘটে।

জানা যায়, নিহত আনিসুর রহমান কোটচাঁদপুর থানায় ওয়ারলেস অপারেটর হিসেবে কর্মরত ছিলেন। প্রতিদিনের মতো আজ সকালেও তিনি

মোটরসাইকেলে মহেশপুর থেকে থানায় আসছিলেন। পথিমধ্যে তাল মিলের সামনে পৌঁছালে রাহাত-প্রান্ত নামের একটি ট্রাক পেছন দিক থেকে ধাক্কা দিলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে তিনি মারা যান। নিহত আনিসুর রহমান চুয়াডাঙ্গার দর্শনা রামনগর এলাকার মহিউদ্দিনের ছেলে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান বলেন, “ট্রাকের ধাক্কায় আহত পুলিশ সদস্যের মেরুদণ্ড ও পায়ে মারাত্মক আঘাত লাগে। হাসপাতালে আনার আগেই তিনি মৃত্যুবরণ করেন।” নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানান তিনি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, “আনিসুর রহমান থানায় কর্মরত ছিলেন। বাসা মহেশপুর হওয়ায় সেখান থেকেই আসা-যাওয়া করতেন। সকালে থানায় আসার পথে দুর্ঘটনায় তার মৃত্যু হয়েছে।” তিনি আরও জানান, ঘটনার পর ট্রাকটি আটক করা হয়েছে।

ঝিনাইদহে জনসাধারনের দুধ খাওয়া উদ্বুদ্ধ করনের জন্য ফ্রি দুধ খাওয়ানো

ঝিনাইদহে জনসাধারনের দুধ খাওয়া উদ্বুদ্ধ করনের জন্য ফ্রি দুধ খাওয়ানো হয়েছে। আজ সোমবার দুপুরে ঝিনাইদহ শহরের আরপপুর প্রাণিসম্পদ দপ্তরের সামনে রাস্তায় ৩০০জনের মাঝে ৬০ লিটার দুধ খাওয়ানো হয়।

জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ উপলেক্ষে ৬ষ্ঠ দিনের কর্মসূচী হিসেবে স্কুল, কলেজ, মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থীদের, রিক্সাওয়ালা ভ্যানবাইক ও গরিব জনসাধারনের মাঝে দুধ খাওয়া উদ্বুদ্ধ করনের জন্য ফ্রি দুধ খাওয়াএবং দুধ খাওয়ার সুফল সম্বন্ধে জন সাধারনের সচেতন

করারজন্য এটি অনুষ্ঠিত হয়। প্রত্যেককে ১ গ্লাস কুসুমগরম দুধ খাওয়নো হয়।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃএ.এস.এম আতিতুজামান, ভেটেনারি অফিসার ডাঃসঞ্জীবকুমার বিশ্বাস, ঝিনাইদহের দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক মোঃআলাউদ্দীন আজাদ। এসময় জেলা প্রাণিসম্পদ দপ্তরের সকল কর্মকর্তা ও কমচারী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহের পোতাহাটি গ্রামে দরিদ্রের মাঝে শীতবস্ত্র উপহার

ঝিনাইদহের সাধুহাটি ইউনিয়নের নিভৃত পল্লী পোতাহাটি গ্রামে দরিদ্রের মাঝেশীত বস্ত্র উপহার দেওয়া হয়েছে।

তারুণ্যেও অগ্রযাত্রা সেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে সোমবার সকালে পোতাহাটি গ্রামের আব্দুল মান্নানের ওঠানে এসব কম্বল বিতরণ করা হয়।

কম্বল বিতরনের সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জজ কোর্টের এপিপি, ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির নবনির্বাচিত নির্বাহী সদস,দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদক, এ্যাডভোকেট আলাউদ্দীন আজাদ।

এসময় আরো উপস্থিত ছিলেন সাকিব আল হাসান, প্রভাষক সুজাউদ্দীন, সাইদুর রহমান ও রেজাউল তরফদারসহ অন্যান্যরা। আয়োজকরা জানান শীতের শুরুতে তারা তাদেও নিজস্ব অর্থায়নে এসব কম্বল বিতরণ করেন। সাধুহাটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে পর্যায় ক্রমে এসব কম্বল বিতরণ করাহবে।

কোটচাঁদপুরে গলায় ওড়না পেঁচিয়ে যুবকের আত্মহত্যা

কোটচাঁদপুরে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছেন সোহান (৩৫)। গতকাল রবিবার রাতে কোটচাঁদপুরের বলরামপুর গ্রামে এ ঘটনাটি ঘটে। তিনি ওই গ্রামের নজরুল ইসলামের ছেলে।

জানা যায়, বলরামপুর গ্রামের নজরুল ইসলামের ছেলে আমিনুর ইসলাম (সোহান) রবিবার রাতে খাবার খেয়ে বাড়ি থেকে বের হন।

এরপর বাড়ি থেকে প্রায় আধা কিলোমিটার দূরে গ্রামটির পূর্বপাড়ার একটি বাড়িতে গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন।

সোমবার সকালে স্থানীয়রা তাকে বাড়ির আড়ার সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পেয়ে পরিবারের সদস্যদের খবর দেন। পরে স্বজনরা ঘটনাস্থলে গিয়ে তার মৃতদেহ ঝুলতে দেখতে পান এবং বিষয়টি থানায় লিখিতভাবে জানান। পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন তৈরি করে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

সোহান দুই সন্তানের জনক এবং পেশায় ডিশ লাইনের টেকনিশিয়ান ছিলেন। এর আগে তিনি আত্মহত্যার উদ্দেশ্যে বিষপান করেছিলেন, তবে সেবার তিনি বেঁচে যান। কিন্তু এবার গলায় ফাঁস দিয়ে তিনি না-ফেরার দেশে চলে গেলেন।

কোটচাঁদপুরের তালসার পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) তবিবুর রহমান বলেন, সোহানের বাড়ি বলরামপুর গ্রামের পূর্বপাড়ায়। তিনি বাড়ি থেকে আধা কিলোমিটার দূরে পশ্চিমপাড়ার একটি বাসায় গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেছেন। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে সুরতহাল শেষে মৃতদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্ত রিপোর্ট হাতে পাওয়ার পর বিস্তারিত বলা সম্ভব হবে। এ ঘটনায় থানায় অপমৃত্যুর মামলা হয়েছে।

ঝিনাইদহে ব্যবসায়ী মুরাদ হত্যা মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহ শহরের পবহাটি সিটি মোড়ে ব্যবসায়ী মুরাদ হোসেন (৪০) হত্যা মামলার আসামী রাহাত আলী (২৫)কে গ্রেফতার করেছে র্যাব-৬।

গত শনিবার ভোররাতে সদর উপজেলার উদয়পুর এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত রাহাত পবহাটি গ্রামের ইউনুচ লস্করের ছেলে।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেহেদী ইমরান সিদ্দিকী জানান, গত শনিবার দুপুরে ঝিনাইদহ শহরের পবহাটি সিটিমোড়ে ইলেক্ট্রনিক্স ব্যবসায়ী মুরাদ হোসেনকে কুপিয়ে ও পিটিয়ে হত্যা করা হয়।

এ ঘটনায় নিহতের স্ত্রী সাথী বেগম বাদি হয়ে সদর থানায় মামলা করলে আসামী গ্রেফতারে অভিযান শুরু করে ঝিনাইদহ র্যাব ক্যাম্প।

অভিযানের অংশ হিসেবে শনিবার ভোররাতে উদয়পুর থেকে মামলার আসামী রাহাতকে গ্রেফতার করা হয়। বাকি আসামীদের গ্রেফতারে অভিযান চলছে বলে জানিয়েছে র্যাব।

ঝিনাইদহে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

‘সুবিধাবঞ্চিত শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ এর মধ্যদিয়ে ঝিনাইদহে আত্মপ্রকাশ ঘটলো’ সংযোগ ভলেন্টিয়ার্স বাংলাদেশ ঝিনাইদাহ জেলা শাখার।

গতকাল রবিবার (৩০ নভেম্বর) রাত ১০টার দিকে শহরের শ্রমজীবি, সিনিয়র সিটিজেন, নাইট গার্ড, রিক্সা চালকদের মাঝে ও সোমাবার সকালে হরিণাকুণ্ডুর হরিশপুরের ভিক উদ্দিন-সারা খাতুন নূরানী ও হাফিজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে এই শীত বস্ত্র প্রদান করা

হয়।

এসময় উপস্থিত ছিলেন সংযোগ ভলেন্টিয়ার্স প্রোগ্রামের জেলার প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান, নির্বাহী সদস্য মোঃ হাসানুর রহমান, খুরশিদ সাকলাইন কাব্য, তাজিম আহম্মেদ ও মোঃ আজমুল হুসাইন জনি। এছাড়া উপদেষ্টা মন্ডলির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক (অব:) ও সাংবাদিক খুরশিদ মোহাঃ সালেহ, দৈনিক ইত্তেফাকের প্রতিনিধি সহকারী অধ্যাপক মোঃ শাহানুর আলম, সহকারী অধ্যাপক ড. রমজান আলী, দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি ও নবগঙ্গা ফিটনেস একাডেমির সত্বাধিকারী কাজী আলী আহমেদ লিকু, প্রভাষক মতিয়ার রহমান, জীবন রহমান প্রমূখ।

বিতরণ কালে প্রধান সমন্বয়কারী মুন্সী মোঃ আবু হাসান বলেন শিক্ষিত বেকার যুবকদের কমপিউটারের প্রশিক্ষণের মাধ্যমে অনলাইনে কাজ করে অত্মকর্মসংস্থান করা যেমন আমাদের প্রধান লক্ষ্য তেমনি আমাদের এই অর্জিত আয় থেকে অসহায় সুবিধাবঞ্চিত, প্রতিবন্ধী ও এতিম শিশু কিশোরদের পাশে দাড়ানোও আমাদের লক্ষ্য।